রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জুন ৪, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**
**উন্নয়ন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ২৮ মে ২০১৪

**নং জ্বাখসবি/উঃ-২/গ্যাস-২৪/২০১১-৪৫৫ ।**—বেসরকারি পর্যায়ে স্থাপিত ফ্রাকশনেশন প্ল্যান্টের জন্য কনডেনসেট নীতিমালা, ২০১৪ প্রজ্ঞাপনটি এতদ্‌সঙ্গে প্রকাশ করা হ'ল ।

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব ।

**বেসরকারি পর্যায়ে স্থাপিত ফ্রাকশনেশন প্ল্যান্টের জন্য কনডেনসেট নীতিমালা, ২০১৪**

১। **ভূমিকা :**

১.১ বাংলাদেশ সরকারের মালিকানাধীন এবং আন্তর্জাতিক তেল কোম্পানীসমূহ পরিচালিত গ্যাস ফিল্ড হতে প্রাকৃতিক গ্যাসের সহজাত হিসেবে কনডেনসেট উৎপাদিত হয়।

১.২ উৎপাদিত কনডেনসেট হতে বিভিন্ন পেট্রোলিয়াম জাতীয় পণ্য উৎপাদনের লক্ষ্যে পেট্রোবাংলার বিভিন্ন কোম্পানীর আওতাধীন ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহে এবং বিপিসির মালিকানাধীন ইআরএল-এ কনডেনসেট ফ্রাকশনেশন করা হয়। এছাড়া বেসরকারি পর্যায়ে স্থাপিত ফ্রাকশনেশন প্ল্যান্টেও কনডেনসেট ফ্র্যাকশনেশন করা হয়।

১.৩ বিকাশমান বেসরকারি খাতের বেশ কিছু প্রতিষ্ঠান সরকারের অনুমতি গ্রহণ করে দেশের বিভিন্ন স্থানে কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্ট স্থাপন সম্পন্ন করেছে এবং কিছু প্ল্যান্ট স্থাপনাধীন রয়েছে। পাশাপাশি নতুন নতুন প্ল্যান্ট স্থাপনের বেশ কিছু আবেদন সরকারের বিবেচনাধীন রয়েছে। দেশে উৎপাদিত কনডেনসেট সকল প্ল্যান্টের চাহিদা পূরণে যথেষ্ট নয়। এ সকল ফ্রাকশনেশন প্ল্যান্টের কাঁচামাল হিসেবে কনডেনসেট বিদেশ থেকে আমদানী করতে হবে। এসব প্ল্যান্টে কনডেনসেট সরবরাহ, কনডেনসেট হতে উৎপাদিত পণ্য বাজারজাতকরণসহ সার্বিকভাবে এ খাতটি পরিচালনার লক্ষ্যে একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন।

১.৪ এ প্রেক্ষিতে বেসরকারি পর্যায়ে স্থাপিত কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্টে —

(ক) কাঁচামাল হিসেবে ব্যবহারের জন্য বিদেশ হতে কনডেনসেট আমদানী,

(খ) দেশে উৎপাদিত কনডেনসেট এর ব্যবহার ও বিক্রয়, এবং

(গ) কনডেনসেট হতে উৎপাদিত পণ্য বিপিসি'র নিকট বিক্রয় ও বিদেশে রপ্তানীর (প্রয়োজন হলে) লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হ'ল :—

২। **সংক্ষিপ্ত শিরোনাম :**

এ নীতিমালা 'বেসরকারি পর্যায়ে স্থাপিত ফ্রাকশনেশন প্ল্যান্টের জন্য কনডেনসেট নীতিমালা, ২০১৪' নামে অভিহিত হবে;

৩। **সংজ্ঞা :** বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে, এ নীতিমালায় —

(ক) "আন্তর্জাতিক তেল কোম্পানীসমূহ (IOCs)" অর্থ বাংলাদেশে তেল ও গ্যাস অনুসন্ধান ও উৎপাদন কাজে নিয়োজিত আন্তর্জাতিক তেল কোম্পানীসমূহ;

(খ) "কনডেনসেট" অর্থ প্রাকৃতিক গ্যাসের সহজাত তরল হাইড্রোকার্বন;

(গ) "কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্ট" অর্থ যে প্রসেস প্ল্যান্টের মাধ্যমে হাইড্রোকার্বন লিক্যুইডকে (প্রাকৃতিক গ্যাস হতে প্রাপ্ত) ফ্রাকশনেশন কলাম, হিটার, হিট এক্সচেঞ্জার, রিফ্লাক্স ড্রাম,কনডেনসার ইত্যাদি ইক্যুপমেন্ট/যন্ত্রপাতি ব্যবহার করে পাতন পদ্ধতিতে বিভাজনের মাধ্যমে দুই বা ততোধিক চূড়ান্ত পণ্য যথা : পেট্রোল, ডিজেল, কেরোসিন, মিনারেল টার্পেন্টাইন, সলভেন্ট ইত্যাদি উৎপাদন করা হয়;

(ঘ) "কোম্পানী" অর্থ পেট্রোবাংলা ও বিপিসি'র মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন তেল ও গ্যাস উৎপাদন বা বিতরণের জন্য গঠিত কোম্পানী, যা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত।

(ঙ) "পেট্রোবাংলা" অর্থ Bangladesh Oil, Gas and Mineral Corporation Ordinance, ১৯৮৫ (Ordinance No. XXI of 1985) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা);

(চ) "বিপিসি" অর্থ Bangladesh Petroleum Corporation Ordinance, 1976 (Ordinance No. LXXXVIII of 1976) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)।

৪। **স্থানীয়ভাবে উৎপাদিত কনডেনসেট সরবরাহ ও বিক্রয় মূল্য :**

(ক) পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানীসমূহ/আন্তর্জাতিক তেল কোম্পানী (IOC) এর ফিল্ডসমূহে উৎপাদিত কনডেনসেট সরকারি ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহে সরবরাহের পর যদি উদ্বৃত্ত থাকে তবে তা পেট্রোবাংলার সুপারিশের ভিত্তিতে মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণ মতে বেসরকারি পর্যায়ে স্থাপিত কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহে সরবরাহ/বিক্রয় করা যাবে।

(খ) Platts Asia Pasific/Arab Gulf Market Scan অনুযায়ী কনডেনসেটের পৃথক মূল্য অন্তর্ভুক্ত নাই বিধায় বেসরকারি পর্যায়ে স্থাপিত কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্টসমূহে সরবরাহকৃত কনডেনসেটের মূল্য দক্ষিণ/দক্ষিণ-পূর্ব এশীয় জ্বালানী তেলের বাজারের রীতি অনুযায়ী ন্যাপথার Mean of Platts Singapore (MOPS) মূল্য কনডেনসেটের রেফারেন্স মূল্য হিসেবে বিবেচিত হবে। সরকার (MOPS) এর সাথে নির্ধারিত প্রিমিয়াম এবং আমদানী শুল্ক/কর এর ভিত্তিতে স্থানীয় কনডেনসেট এর বিক্রয়মূল্য নির্ধারণ করবে।

৫। **কনডেনসেট আমদানী :** বেসরকারি পর্যায়ে স্থাপিত কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহের চাহিদা মোতাবেক কাঁচামাল হিসেবে কনডেনসেট দেশে উৎপাদিত কনডেনসেট এর পরিমাণ হতে সরবরাহ করা সম্ভব না হলে, প্ল্যান্টসমূহ বিদেশ হতে নিম্নবর্ণিত পদ্ধতিতে কনডেনসেট আমদানী করতে পারবে :

(ক) কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্ট স্থাপনকারী প্রতিষ্ঠান নিজস্ব উদ্যোগে এবং নিজস্ব ব্যবস্থাপনায় বিদেশ হতে প্রয়োজনীয় কনডেনসেট আমদানী করতে পারবে এবং তা সংরক্ষণের জন্য নিজস্ব অর্থায়নে/ব্যবস্থাপনায় অবকাঠামো গড়ে তুলবে।

(খ) কনডেনসেট আমদানীর ক্ষেত্রে সরকারের আমদানী নীতি/আদেশ এবং সংশ্লিষ্ট বিধি-বিধান ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ/প্রতিপালন করতে হবে।

(গ) আমদানীকৃত কনডেনসেট বিভাজন করে প্রাপ্ত পণ্য যানবাহনে/যন্ত্রপাতিতে ব্যবহারের ফলে যন্ত্রপাতি (যেমন-মোটরযান, ইঞ্জিন ইত্যাদি) বা পরিবেশের ক্ষতি করে এমন কোন কনডেনসেট আমদানী করা যাবে না।

(ঘ) আমদানীকৃত কনডেনসেট বিভাজন করে প্রাপ্ত পণ্যের/পণ্যসমূহের Specification ন্যূনতম বিপিসি কর্তৃক আমদানীকৃত পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য ও ইস্টার্ণ রিফাইনারী লিঃ (ইআরএল) থেকে প্রাপ্ত পরিশোধিত পণ্যের Specification এর অনুরূপ হবে।

৬। **কনডেনসেট হতে উৎপাদিত পণ্য ও পণ্যের মান :** বেসরকারি কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহে পণ্য উৎপাদনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় অনুসরণ করতে হবে—

(ক) সংগৃহীত/আমদানীকৃত কনডেনসেট হতে বিপিসি কর্তৃক অনুমোদিত পণ্য ব্যতীত অন্য কোন পণ্য উৎপাদন করা যাবে না।

(খ) সংগৃহীত/আমদানীকৃত কনডেনসেট হতে উৎপাদিত পণ্যসমূহ এবং পণ্যের পরিমাণ নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে বিপিসি এবং পেট্রোবাংলাকে অবহিত করতে হবে।

(গ) সংগৃহীত/আমদানীকৃত কনডেনসেট প্রক্রিয়াকরণের মাধ্যমে উৎপাদিত সকল পণ্য দেশে বিক্রয়ের ক্ষেত্রে গুণগতমান বিএসটিআই/ইআরএল-এর অনুমোদিত মানদণ্ড অনুযায়ী হতে হবে।

(ঘ) কনডেনসেট প্রক্রিয়াকরণ শেষে প্রাপ্ত পেট্রোলিয়াম উপজাতের ক্ষেত্রে বাংলাদেশ পেট্রোলিয়াম এ্যাক্ট ১৯৭৪ বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন অর্ডিন্যান্স ১৯৭৬ এবং সময়ে সময়ে সরকার কর্তৃক প্রণীত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৭। **কনডেনসেট হতে উৎপাদিত পণ্য বিপিসিতে সরবরাহ ও পণ্যের মূল্য :**

(ক) **বিপিসিতে পণ্য সরবরাহ :** বেসরকারি কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহে উৎপাদিত পণ্যসমূহ বিপিসি এর চাহিদা মোতাবেক বিপিসির অধীনস্থ কোম্পানীসমূহের নিকট সরবাাহের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে—

(অ) সরকারি খাতের ফ্রাকেশনেশন প্ল্যান্টসমূহ কর্তৃক উৎপাদিত সমুদয় পেট্রোলিয়াম পণ্য ক্রয়ের পর বিপিসি দেশের অবশিষ্ট চাহিদা বেসরকারি কনডেনসেট ফ্র্যাকশনেশন প্ল্যান্টসমূহের উৎপাদিত পণ্য ক্রয় করে পূরণ করতে পারবে।

(আ) বেসরকারি কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহের বিক্রয়যোগ্য পণ্য বিপিসি'র অধীনস্থ কোম্পানীসমূহের নিকট বিপিসির সিডিউল অনুযায়ী বিক্রয় করতে হবে।

(ই) বেসরকারি কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহ প্রতি বছর অক্টোবর মাসের মধ্যে পরবর্তী খ্রিষ্টীয় পঞ্জিকাবর্ষের জন্য উৎপাদিত/সরবরাহতব্য পণ্যের মাসভিত্তিক/গ্রেড ভিত্তিক পরিমাণ বিপিসিকে অবহিত করবে। ঐ সরবরাহের বিষয়ে বিপিসির চাহিদা থাকলে বিপিসিও সেক্ষেত্রে Letter of intent প্রদান করবে।

(ঈ) তবে কোন কারণে পূর্বপরিকল্পনা অনুযায়ী উৎপাদিত পণ্য সরবরাহের হ্রাস-বৃদ্ধি ঘটলে বেসরকারি কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহ তা ৩ (তিন) মাস পূর্বে বিপিসিকে লিখিতভাবে অবহিত করবে।

(খ) **মূল্য নির্ধারণ :**

বেসরকারি পর্যায়ে স্থাপিত কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহ কর্তৃক পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানী আন্তর্জাতিক তেল কোম্পানী (IOC) হতে কনডেনসেট ক্রয় অথবা বিদেশ থেকে কনডেনসেট আমদানী/ক্রয় করে উৎপাদিত পণ্য বিপিসির নিকট সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্তভাবে মূল্য নির্ধারণ করা হবে—

(i) সংগৃহীত/আমদানীকৃত কনডেনসেট প্রক্রিয়াকরণের মাধ্যমে প্রাপ্ত পেট্রোলিয়াম পণ্য যথা : পেট্রোল, অকটেন, ডিজেল, কেরোসিন ইত্যাদি Platts Asia-Pasific/Arab Gulf Marketscan (MOPAG) এ প্রকাশিত/উদ্ধৃত সংশ্লিষ্ট গ্রেডের পণ্যের মূল্য হতে প্রয়োজনে যৌক্তকহারে ডিসকাউন্টে পণ্যের মূল্য নির্ধারিত হবে। তবে পরিশোধিত পণ্যের মূল্য ঐ পণ্যের আমদানী মূল্য (ডিপোতে পৌঁছানো পর্যন্ত) অপেক্ষা বেশী হবে না।

(ii) প্লাটস-আরব গালফ মার্কেট স্ক্যান-এ উদ্ধৃত মূল্যের সাথে বিপিসি কর্তৃক বিদেশ হতে সর্বশেষ ক্রয়কৃত সংশ্লিষ্ট পণ্য যথা—অকটেন, পেট্রোল, ডিজেল, কেরোসিন ইত্যাদি এর বিপরীতে প্রদত্ত প্রিমিয়াম এবং স্থানীয় শূল্ক করসমূহ তেল বিপণন কোম্পানীর নিকটস্থ ডিপো পর্যন্ত পৌঁছানোর পরিবহন খরচ এবং ফ্রাকশনেশন ব্যয়সহ প্ল্যান্ট স্থাপনকারীর profit ও আনুষঙ্গিক খরচ অন্তর্ভুক্ত করে সরকার এ সকল পণ্যের মূল্য নির্ধারণ করবে।

৮। **কনডেনসেট হতে উৎপাদিত পণ্য অভ্যন্তরীণ বাজারে বাজারজাত ও রপ্তানী :** বেসরকারি কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহে আমদানীকৃত/দেশে প্রাপ্ত কনডেনসেট হতে উৎপাদিত পণ্যসমূহ দেশের চাহিদা পূরণের পর বিপিসি'র চাহিদা না থাকলে বা চাহিদার অতিরিক্ত পণ্য থাকলে তা নিম্নরূপ পদ্ধতিতে রপ্তানী করতে পারবে ঃ—

(ক) রপ্তানীর ক্ষেত্রে সরকারের রপ্তানী সংক্রান্ত সংশ্লিষ্ট নীতি/বিধি-বিধান ও পদ্ধতি অনুসরণ/প্রতিপালন করতে হবে এবং রপ্তানীর পূর্বে বিপিসি'র নিকট থেকে লিখিত অনাপত্তিপত্র গ্রহণ করতে হবে।

(খ) প্ল্যান্ট স্থাপনকারী প্রতিষ্ঠান নিজ উদ্যোগে ও ব্যবস্থাপনায় রপ্তানীর ব্যবস্থা গ্রহণ করবে এবং এতদসংক্রান্ত নিজস্ব অবকাঠামো গড়ে তুলবে।

(গ) বেসরকারি কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্ট স্থাপনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত কনডেনসেট হতে উৎপাদিত রপ্তানীযোগ্য পণ্যের দর নির্ধারণে বিপিসি/সরকার কোন নিয়ন্ত্রণ করবে না।

(ঘ) সংগৃহীত/আমদানীকৃত কনডেনসেট প্রক্রিয়াকরণ করে প্রাপ্ত পেট্রোল/অকটেন/ডিজেল/ কেরোসিন/ এলপিজি কোনভাবেই সরাসরি অভ্যন্তরীণ বাজারে বাজারজাত করা যাবে না।

৯। **লাইসেন্স বাতিলের ক্ষমতা :** সংগৃহীত/আমদানীকৃত কনডেনসেট প্রক্রিয়াকরণ করে প্রাপ্ত পেট্রোল/অকটেন/ ডিজেল/কেরোসিন/এলপিজি ইত্যাদি সরাসরি অভ্যন্তরীণ বাজারে বাজারজাত করলে বেসরকারি কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্টসমূহের অনুকূলে প্রদত্ত কনডেনসেট আমদানীর অনাপত্তিপত্র (NOC) বা লাইসেন্স সাময়িক/স্থায়ীভাবে বাতিল করার অধিকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করবে এবং দেশীয় কনডেনসেট সরবরাহ বন্ধ করতে পারবে।

১০। **পরিদর্শন :** জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও বিপিসি একত্রে বা পৃথকভাবে যে কোন সময় বেসরকারি কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্ট পরিদর্শনের ক্ষমতা সংরক্ষণ করবে। পরিদর্শনকালে প্ল্যান্ট স্থাপনকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পরিদর্শনকারী কর্মকর্তার চাহিদা মাফিক তথ্য ও উপাত্ত সরবরাহ করবে।

১১। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd